

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

নং-২৬.০০.০০০০.০৮৮.৩১.০১৯.১৭/২৪৫

তারিখঃ ১৮ আশ্বিন ১৪২৪
০৩ অক্টোবর ২০১৭

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬ মার্চ, ২০১৪ তারিখের এস. আর. ও নং-৩৪ আইন/২০১৪ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৭-০২-২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২১৩২.১৭-৪২ নং স্মারকের সুপারিশের ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের 'প্রোগ্রামার' এর শূন্য পদে নিম্নবর্ণিত প্রার্থীকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রঃনং	নাম	পদের নাম	জেলা	রেজিস্ট্রেশন নম্বর
১.	জিকরা আমিন	প্রোগ্রামার	ময়মনসিংহ	০০০২১৯

শর্তাবলীঃ

- তিনি জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক বেতনক্রম ৩৫,৫০০-৬৭,০১০ (৬ষ্ঠ গ্রেড) অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন;
- তঁর এ নিয়োগপত্রের পরিপ্রেক্ষিতে তিনি নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে যোগদান করবেন এবং যোগদানকালে বাংলাদেশ সচিবালয় ক্লিনিকে কর্মরত সিভিল সার্জনের নিকট হতে যথাপ্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষান্তে প্রাপ্ত সনদ দাখিল করবেন;
- যোগদানের তারিখ হতে তঁর চাকুরী প্রারম্ভিকভাবে ০২(দুই) বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিসকালে তঁর আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরীচ্যুত করতে পারবে;
- সরকারের প্রচলিত/প্রযোজ্য বিধি-বিধান দ্বারা তঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে এবং তঁর জ্যেষ্ঠতা পিএসসি কর্তৃক সুপারিশকৃত মেধা ক্রমানুযায়ী নির্ধারিত হবে;
- চাকুরীতে যোগদানকালে তঁর শিক্ষাগত ও অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার মূল সনদপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে। কোন সনদপত্র ত্রুটিপূর্ণ বা ভূয়া প্রমাণিত হলে কারণ দর্শানো ব্যতিত তঁর নিয়োগপত্র বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০২। উপরিউক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হলে বেগম জিকরা আমিন যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের 'প্রোগ্রামার' এর শূন্য পদে ১৫ অক্টোবর ২০১৭ তারিখ রোজ রবিবার যোগদান করবেন। উক্ত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-

(নাজমুল হক)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৬২৫

অ: পৃ: দ্র:

নং-২৬.০০.০০০০.০৮৮.৩১.০১৯.১৭ / ৯৪৫

তারিখঃ ১৮ আশ্বিন ১৪২৪
০৩ অক্টোবর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৩। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ০৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং ১০ (দশ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের অনুরোধসহ)।
- ০৬। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ০৭। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ০৮। জনাব আবু সালেহ মোহাম্মদ ইমরান, সদস্য সচিব, ওয়েবসাইট ও ট্রেড পোর্টাল হালনাগাদকরণ কমিটি বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। বেগম জিকরা আমিন, পিতা-জনাব বুহল আমিন, দরগা মহল্লা রোড, ত্রিশাল বাজার, ত্রিশাল, ময়মনসিংহ।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।


(নাজমুল হক)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৬২৫